

Telephone conversation between Prime Minister and Prime Minister of Sri Lanka H.E. Mahinda Rajapaksa

August 06, 2020

প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী এবং শ্রীলংকার প্রধানমন্ত্রী মহামান্য
মাহিন্দা রাজাপক্ষর মধ্যে টেলিফোনে বাক্যালাপ
অগস্ট 06, 2020

প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী আজ শ্রীলংকার প্রধানমন্ত্রী মহামান্য মাহিন্দা রাজাপক্ষর সাথে ফোনে বাক্যালাপ করেছেন এবং গতকাল সফলতার সাথে শ্রীলংকার সংসদীয় নির্বাচন সম্পন্ন করার জন্য ধন্যবাদ জানিয়েছেন। কোভিড 19- অতিমারি প্রতিকূলতা থাকা স্বত্বেও কার্যকর রূপে নির্বাচন সম্পন্ন করার জন্য প্রধানমন্ত্রী শ্রীলংকা সরকার এবং শ্রীলংকার নির্বাচন প্রতিষ্ঠানগুলিকে ধন্যবাদ জ্ঞাপন করেছেন। তিনি শ্রীলংকার নাগরিকদের উৎসাহব্যঞ্জকরূপে নির্বাচনে অংশগ্রহণ করার জন্যও ধন্যবাদ জানিয়েছেন। তিনি বলেছেন যে, এটি দুই দেশ দ্বারা বন্টিত দুট গণতান্ত্রিক আদর্শকে প্রতিফলিত করেছে।

নির্বাচনের আসন্ন ফলাফলের ধারা শ্রীলংকার পোদুজানা পেরুমানা(এসএলপিপি) দলের উল্লেখযোগ্য নির্বাচনী ফললাভকে সূচিত করছে বলে প্রধানমন্ত্রী উল্লেখ করেছেন, এবং এর জন্য তিনি মহামান্য শ্রী মাহিন্দা রাজাপক্ষকে ধন্যবাদ এবং শুভকামনা জানিয়েছেন।

দুই নেতা তাদের পূর্ববর্তী আন্তরিক এবং ফলপ্রসূ পারস্পরিক আদানপ্রদানের কথা স্মরণ করে, ভারত-শ্রীলংকার বহুবছর পুরনো এবং বহুমাত্রিক সম্পর্ককে শক্তিশালী করার প্রতি দুই দেশের প্রতিজ্ঞাবদ্ধতার কথা পুনরাবৃত্তি করেছেন। তারা দ্বিপাক্ষিক সহযোগিতার সর্বক্ষেত্রে দ্রুত প্রগতির গুরুত্বের প্রতি জোর আরোপ করেছেন।

ভারতের বৌদ্ধ তীর্থ শহর কুশীনগরে একটি আন্তর্জাতিক বিমান বন্দর স্থাপন করার কথা প্রধানমন্ত্রী মহামান্য রাজাপক্ষকে জানিয়েছেন, এবং বলেছেন যে, এই শহর খুব শীঘ্রই শ্রীলংকা থেকে আগত পর্যটকদের স্বাগত করার জন্য উৎসুক হয়ে আছে।

যেহেতু দুই দেশই কোভিড-19 দ্বারা সৃষ্ট চ্যালেঞ্জের মোকাবিলা করছে সেইহেতু দুই দেশের মধ্যে ঘনিষ্ঠ যোগাযোগ বজায় রাখার ক্ষেত্রে দুই নেতাই সহমত হয়েছেন, এবং আগামীদিনে দ্বিপাক্ষিক সম্পর্ককে এক নতুন উচ্চতায় নিয়ে যাবার জন্য সংকল্প করেছেন।

নিউ দিল্লি

অগস্ট 06, 2020

DISCLAIMER : This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.